

চট্টগ্রাম-ভার্সিটি

**সিনেট অধিবেশন  
আবার মুলতবী**

চট্টগ্রাম অফিস ॥ গতকাল (শুক্রবার) চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সিনেটের একাদশ বাষিক অধিবেশন পুনরায় মুলতবী হইয়া গিয়াছে। যথারীতি অধিবেশন শুরু হইলে একজন সিনেট সদস্য আধবেশন চালানোর জন্য প্রয়োজনীয় সংখ্যক সিনেট সদস্য অনুপস্থিত বলিয়া, অভিযোগ তুলিলে সিনেটের সভাপতি ভিসি অধ্যাপক রফিকুল ইসলাম (শেষ পৃ: ৩-এর ক: ৫:)

চট্টগ্রাম ভার্সিটি

(১ম পৃ: পর)

চৌধুরী অধিবেশন মুলতবী করেন। উল্লেখ্য, অধিবেশন চালানোর জন্য প্রয়োজনীয় ন্যূনতম ৩০ জন সিনেট সদস্যের মধ্যে উপস্থিত ছিলেন ২৮ জন। সিনেট সভাপতি উপস্থিত সদস্যদের মতামতের ভিত্তিতে সিনেটের একাদশ সভা আগষ্ট মাসের শেষ শুক্রবার অনুষ্ঠিত হইবে বলিয়া ঘোষণা করেন।

এদিকে গত বৃহস্পতিবার সিনেটের দশম মুলতবী সভায় সিওকেট এবং অন্যান্য কমিটিতে মোট ৬ জনকে মনোনয়ন দেওয়া হয়। সিওকেটে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের সাবেক ভিসি অধ্যাপক আবদুল করিমকে মনোনয়ন দেওয়া হয়। সিওকেটে রেজিষ্টার্ড গ্রাজুয়েট হইতে মনোনয়ন পান সাবেক চাকসু ভিপি এস এম ফজলুল হক। বিশিষ্ট নাগরিক হিসাবে মনোনয়ন পান এল, কে, সিদ্দিকী এম, পি। ফিন্যান্স কমিটিতে মনোনয়ন পান অর্থনীতি বিভাগের শিক্ষক অধ্যাপক নাসির উদ্দিন আহমদ। বনবিদ্যা ইনস্টিটিউট পরিচালনা কমিটিতে মনোনয়ন পান অধ্যাপক ডঃ আমিনউদ্দিন মৃধা। সামুদ্রিক বিজ্ঞান ইনস্টিটিউট পরিচালনা সংসদের জন্য মনোনয়ন পান অধ্যাপিকা ডঃ কমরবানু।